গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৩)
www.minland.gov.bd

## প্রজ্ঞাপন

নং ঃ ৩১.০০.০০০০.০৪৪.৩৯.০২৫.১৫- ২১০          তারিখঃ ২৮/১০/২০১৫খ্রিঃ

ভূমি মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর ৩১.০০.০০০০.০৪৪.৩৯.০২৫.১৫-৭৭(১২০০) তারিখ ৩০ জুন ২০১৫ খ্রিঃ মূলে জারিকৃত ভূমি উন্নয়ন করের হার পুনঃনির্ধারণ বিষয়ক প্রজ্ঞাপনে কয়েকটি জেলার কোন কোন অগ্রসর এলাকা পূর্বের তুলনায় অপেক্ষাকৃত নিম্নধাপে অর্ন্তভুক্তি বা কোন কোন ক্ষেত্রে অনগ্রসর এলাকা উচ্চতর ধাপে অন্তর্ভুক্তি বা কতিপয় ক্ষেত্রে অগ্রসর এলাকা কোন ধাপে অন্তর্ভুক্তি থেকে বাদ পড়ে যাওয়ার বিষয়টি এ মন্ত্রণালয়ের গোচরীভূত হইয়াছে। তৎপ্রেক্ষিতে মাঠ পর্যায় থেকে তথ্য ও মতামত সংগ্রহপূর্বক পর্যালোচনা করতঃ উল্লিখিত প্রজ্ঞাপনের ২নং অনুচ্ছেদে অকৃষি জমির নিম্নে উল্লিখিত বিভিন্ন ধাপের পার্শ্বে বর্ণিত এলাকাসমূহ নিম্নরূপে সংশোধনক্রমে অন্তর্ভুক্ত করা হইল ঃ

| ধাপ | সংশোধনীসহ অন্তর্ভুক্ত এলাকাসমূহ |
|---|---|
| ক-ধাপ | ঢাকা সিটি কর্পোরেশনভুক্ত এলাকা-এর স্থলে ঢাকা মহানগরীর সহকারী কমিশনার (ভূমি)গণের আওতাধীন এলাকাসমূহ |
| | গাজীপুর সিটি কর্পোরেশন-এর স্থলে গাজীপুর সিটি কর্পোরেশনসহ ইহার পার্শ্ববর্তী পিরুজালী, ভাওয়ালগড় ও বিবাড়িয়া ইউনিয়ন |
| খ-ধাপ | ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলার স্থলে কেরাণীগঞ্জ উপজেলার শুভাড্যা, জিঞ্জিরা, আগানগর, কালিন্দি, তেঘরিয়া ও শাক্তা ইউনিয়ন |
| | সাভার পৌর এলাকার স্থলে সাভার, আমিন বাজার ও আশুলিয়া সহকারী কমিশনার (ভূমি)গণের আওতাধীন এলাকা |
| | নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা রাজস্ব সার্কেলের আওতাধীন কুতুবপুর ইউনিয়ন, ফতুল্লা ইউনিয়ন (সিটি কর্পোরেশন বহির্ভূত সমগ্র ইউনিয়ন), এনায়েতনগর ইউনিয়ন (সিটি কর্পোরেশন বহির্ভূত সমগ্র ইউনিয়ন), নারায়ণগঞ্জ সদরের কাশিপুর ইউনিয়ন (সিটি কর্পোরেশন বহির্ভূত সমগ্র ইউনিয়ন), গোগনগর ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন এলাকা (সৈয়দপুর, মসিনাবন্দ মৌজা) |
| | সোনারগাঁও উপজেলার কাঁচপুর এর স্থলে সোনারগাঁও উপজেলার কাঁচপুর ইউনিয়ন |
| | চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া পৌর এলাকা |
| গ-ধাপ | গাজীপুর জেলার শ্রীপুর, কালিয়াকৈর ও কালিগঞ্জ-এর স্থলে গাজীপুর জেলার শ্রীপুর,কালিয়াকৈর ও কালিগঞ্জ পৌর এলাকা |
| | নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলার পিরোজপুর ইউনিয়ন |
| | নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলা (সিটি কর্পোরেশন বহির্ভূত কলাগাছিয়া, বন্দর, মুছাপুর, ধামগড়, মদনপুর ইউনিয়নসমূহ) নারায়ণগঞ্জ সদর উপজেলার বক্তাবলি ইউনিয়ন ও গোগনগর ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন এলাকা (সিটি কর্পোরেশন বহির্ভূত আলীরটেক ও গোপচর মৌজা) |
| | কুমিল্লা জেলার লাকসাম পৌর এলাকা |
| | ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ (সোনারামপুর ও চরচারতলা মৌজা) |
| ঘ-ধাপ | চাঁদপুর জেলার হাজীগঞ্জ পৌর এলাকা গ-ধাপের স্থলে ঘ-ধাপে অর্ন্তভুক্ত হইবে। |
| | পটুয়াখালী জেলার কুয়াকাটা পৌর এলাকা |

২। এছাড়া উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত ১নং অনুচ্ছেদের (খ) দফায় "অধিকৃত" শব্দের পরিবর্তে "অর্জিত" শব্দ এবং ৯ নং অনুচ্ছেদের "খতিয়ানে" শব্দের স্থলে "হোল্ডিং-এ" শব্দ পড়িতে হইবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩। কোন হোল্ডিংএ একাধিক (কৃষি, বাণিজ্যিক, আবাসিক ও অন্যান্য) শ্রেণির জমি থাকিলে সেই ক্ষেত্রে ঐ হোল্ডিংধারীর কৃষি জমির পরিমাণ ২৫ (পঁচিশ) বিঘার কম হইলেও উক্ত হোল্ডিংয়ের জন্য আলাদাভাবে ১০/- (দশ) টাকা মওকুফ দাখিলা গ্রহণের প্রয়োজন নাই।

৪। বিষয়ভূক্ত প্রজ্ঞাপন ৩(তিন) পার্বত্য জেলা ব্যতীত বাংলাদেশের অন্যান্য সকল জেলা/এলাকার জন্য প্রযোজ্য হইবে।

৫। উল্লিখিত প্রজ্ঞাপনের ৩নং অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী পুনঃনির্ধারিত ভূমি উন্নয়ন করের হার ১ জুলাই ২০১৫ হইতে আদায় করিতে হইবে। তবে হিসাবের সময় বাংলা সন অনুসরণ করিতে হইবে।

৬। ইতঃপূর্বে জারিকৃত প্রজ্ঞাপনে অন্যান্য সকল শর্তাধীন এলাকা ও ব্যবহারভিত্তিক প্রতি শতক ভূমির নির্ধারিত ভূমি উন্নয়ন করের হার অপরিবর্তিত থাকিবে।

স্বাক্ষরিত/-
তারিখঃ ২৮/১০/২০১৫খ্রিঃ
(মোহাম্মদ শফিউল আলম)
সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়

নং ঃ ৩১.০০.০০০০.০৪৪.৩৯.০২৫.১৫- ৯২০ / (৮০০)

তারিখঃ ২৮/১০/২০১৫ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ** ( জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রধানমন্ত্রীর মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ. অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৫। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৬। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন)/উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
৯। যুগ্ম-সচিব.................................. (সকল), ভূমি মন্ত্রণালয়।
১০। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ৩/এ নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা।
১১। জেলা প্রশাসক, .................................... (সকল)।
১২। উপ-সচিব........................................... (সকল), ভূমি মন্ত্রণালয়।
১৩। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
১৪। উপ-নিয়ন্ত্রক, বিজিপ্রেস, তেজগাঁও, ঢাকা । প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী/বিশেষ সংখ্যায় দ্রুত প্রকাশের অনুরোধসহ।
১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
১৬। হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব ),ভূমি মন্ত্রণালয়।
১৭। উপজেলা নির্বাহী অফিসার.................................. (সকল)।
১৮। সহকারী কমিশনার (ভূমি)....................................(সকল)।
১৯। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ।

২৮/১০/১৫
(কাজী শফিকুল আলম)
উপসচিব
ফোন-৯৫৪০১৭৭
safiq737@hotmail.com